

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

স্মারক নং-৫১.০১.৯০৮৯.০০০.৯৬.০১১.১৮-৪৮১


তারিখ: ০৭-১০-১৮ খ্রি:

বিষয়: ~~২০১৭-১৮~~ ২০১৮-১৯ অর্থবছরে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় (১ম পর্যায়) গৃহীত প্রকল্প, উপকারভোগীর নামের তালিকা ও তথ্য এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল প্রসঙ্গে।
সূত্র: মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.০৯৬.২৬৮.১৮-২৪৩, তারিখ: ২৬-০৯-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ সদর উপজেলায় ২০১৮-১৯ অর্থবছরে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় ১ম পর্যায় ১৪২৩ টি কার্ডের বিপরীতে ১,১৩,৮৪,০০০/- টাকার উপ-বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দকৃত অর্থ পরিপত্র মোতাবেক জনসংখ্যার ভিত্তিতে ৫০% এবং আয়তনের ভিত্তিতে ৫০% হারে নিম্নোক্তভাবে ইউনিয়ন ওয়ারী পুন:বরাদ্দ প্রদান করা হল।

ক্র: নং	ইউনিয়নের নাম	মোট উপকারভোগীর সংখ্যা	পুন: বরাদ্দকৃত টাকার পরিমাণ
০১	রঞ্জারচর	১৯৯ টি	১৫,৯২,০০০/-
০২	সুরমা	১৬৯ টি	১৩,৫২,০০০/-
০৩	জাহাজীর নগর	১৫২ টি	১২,১৬,০০০/-
০৪	গৌরারং	২৫৮ টি	২০,৬৪,০০০/-
০৫	কুরবান নগর	১৩১ টি	১০,৪৮,০০০/-
০৬	মোল্লাপাড়া	১৬২ টি	১২,৯৬,০০০/-
০৭	লক্ষণশ্রী	১১৫ টি	৯,২০,০০০/-
০৮	মোহনপুর	১২৩ টি	৯,৮৪,০০০/-
০৯	কাঠাইর	১১৪ টি	৯,১২,০০০/-
		১৪২৩ টি	১,১৩,৮৪,০০০/-

- ০১। বরাদ্দকৃত অর্থের বিপরীতে গৃহীত প্রকল্প, উপকারভোগীদের নামের তালিকা (হার্ড কপি ও সফট কপি সহ) ও তথ্য এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি সংযুক্ত ছক অনুসরণ পূর্বক ওয়ার্ড কমিটির মাধ্যমে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণীসহ আগামী ১০-১১-২০১৮ খ্রি: তারিখের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয় (দুর্যোগ ব্যবস্থাপনা শাখায়) দাখিল করতে হবে।
- ০২। বরাদ্দকৃত অর্থের বিপরীতে উপকারভোগীর নামের তালিকা ও তথ্য এবং অন্যান্য বিষয়াদি ইজিপিপি ম্যানুয়াল অনুযায়ী হবে।
- ০৩। শ্রমিক নির্বাচনের ক্ষেত্রে একই পরিবারে একজনের বেশি শ্রমিক নিয়োগ দেয়া যাবেনা।
- ০৪। বরাদ্দকৃত শ্রমিকদের মধ্যে ৩৩% মহিলা শ্রমিক অবশ্যই থাকতে হবে।
- ০৫। প্রকল্প সমূহ অগ্রাধিকার ভিত্তিতে অধিক গুরুত্বপূর্ণ জায়গা হতে হবে।
- ০৬। একটি ইউনিয়নে ০৫ (পাঁচ) টি প্রকল্পের বেশি গ্রহণ করা যাবেনা।
- ০৭। গত বছরের বন্যা ও চলতি বছরের বন্যা পরবর্তী রাস্তাঘাট মেরামত ও ডিটি উচু করণের নিমিত্তে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প গ্রহণ করতে হবে।
- ০৮। প্রকল্প সংশ্লিষ্ট এলাকার ইউ/পি সদস্য কর্তৃক প্রকল্প বাস্তবায়ন করতে হবে।


(প্রদীপ সিংহ)

উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

চেয়ারম্যান-----ইউপি, সুনামগঞ্জ সদর।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ০১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২২৭, সুনামগঞ্জ-০৪।
- ০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুনামগঞ্জ সদর।